

106577 - তাওয়াফ ও সাঈর মাঝে সময়ের ব্যবধান কতটুকু হতে পারে তা কি নির্দিষ্ট?

প্রশ্ন

তাওয়াফ ও সাঈর মাঝে সময়ের ব্যবধান কতটুকু হতে পারে তা কি নির্দিষ্ট?

প্রিয় উত্তর

তাওয়াফ ও সাঈর মাঝে সময়ের ব্যবধান কতটুকু হতে পারে সেটি নির্দিষ্ট নয়। এ দুটো আমলের মাঝে পরস্পরা শর্ত নয়। কিন্তু তাওয়াফের পরপরই সাঈর করা উত্তম এতে কোন সন্দেহ নেই। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাঈর ও তাওয়াফের মধ্যে পরস্পরা রক্ষা করেছেন। তবে কেউ যদি দিনের প্রথমাংশে তাওয়াফ করে, আর শেষাংশে সাঈর করে কিংবা একদিন বা দুইদিন পর সাঈর করে; এতে কোন অসুবিধা নেই। কেননা তাওয়াফ ও সাঈর মাঝে পরস্পরা রক্ষা করা ওয়াজিব নয়। [সমাণ্ড][মাজমুউ ফাতাওয়া ইবনে উছাইমীন (২২/৪২১)]